

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬

স্মারক নং ৩৮.০১.০০০০.১৪৩.১১.০৯২.১৮-৬৭


তারিখঃ ০২ জ্যৈষ্ঠ ১৪২৬  
১৬ মে ২০১৯

বিষয়: পত্রিকায় সংবাদ ও সতর্কীকরণ বিজ্ঞপ্তি প্রচার।

উপর্যুক্তবিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত "সহকারী শিক্ষক নিয়োগ ২০১৮" এর লিখিত পরীক্ষা ৪ (চার) ধাপে আগামী ২৪মে ২০১৯, ৩১ মে ২০১৯, ২১ জুন ২০১৯ এবং ২৮ জুন ২০১৯ রোজ শুক্রবার সকাল ১০:৩০ ঘটিকা হতে পর্যায়ক্রমে অনুষ্ঠিত হবে। এ সংক্রান্ত একটি সংবাদ বিজ্ঞপ্তি ও সতর্কীকরণ বিজ্ঞপ্তি এতদসঙ্গে সংযুক্ত করা হলো। সংযুক্ত সংবাদ বিজ্ঞপ্তি ও সতর্কীকরণ বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত পত্রিকায় আগামী ২৭-০৫-২০১৯ তারিখের পত্রিকার শেষ পৃষ্ঠায় ব্যাকগ্রাউন্ড রংগিন করে বক্সের মধ্যে ০১ (এক) দিন একবার প্রচার এবং পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার তারিখ অবহিতকরণপূর্বক ০৩ (তিন) কপি বিল (বিজ্ঞপ্তির কপিসহ) নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

বিজ্ঞপ্তির সাইজ: ৭ ইঞ্চি x ৩ কলাম

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক)কপি।

  
(সোহেল আহমেদ)  
অতিরিক্ত মহাপরিচালক

- ১। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক বাংলাদেশ প্রতিদিন  
প্লট নং-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা
- ২। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আমাদের সময়  
১১৮-১২১, তেজগাঁও শি/এ, ঢাকা-১২০৮।

অনুলিপি অবগতির জন্য:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬

স্মারক নং ৩৮.০১.০০০০.১৪৩.১১.০৪২.১৯-৬৬

তারিখঃ ০২ জ্যৈষ্ঠ ১৪২৬  
১৬ মে ২০১৯

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০১৮” এর লিখিত পরীক্ষা গ্রহণ  
সংক্রান্ত সংবাদ ও সতর্কীকরণ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০১৮” এর লিখিত পরীক্ষা ৪ (চার) টি পর্যায়ে জেলা ও উপজেলাসমূহকে বিন্যস্ত করে পর্যায়ক্রমে আগামী ২৪মে ২০১৯, ৩১ মে ২০১৯, ২১ জুন ২০১৯ এবং ২৮ জুন ২০১৯ রোজ শুক্রবার সকাল ১০:৩০ ঘটিকা হতে ১১:৩০ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিত হবে। তবে প্রার্থীদের অবশ্যই সকাল ৯:৩০ ঘটিকার মধ্যে স্ব-স্ব কেন্দ্রে প্রবেশ করতে হবে।

২। প্রার্থীদের আবেদনে উল্লিখিত মোবাইল নম্বরে যথাসময়ে ০১৫৫০-১৫৫৫৫৫ নম্বর হতে প্রবেশপত্র ডাউনলোডের ইউজার আইডি ও পাসওয়ার্ডসহ বার্তা দিয়ে এসএমএস প্রেরণ করা হবে। প্রার্থীগণ স্ব-স্ব প্রবেশপত্র পরীক্ষা গ্রহণের ০৫ (পাঁচ) দিন পূর্ব হতে admit.dpe.gov.bd ওয়েবসাইট থেকে ডাউনলোড করে প্রিন্ট কপি সংগ্রহ করতে পারবেন। ওএমআর শীট পূরণের নির্দেশনাবলী এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য এ ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩। উল্লিখিত ওয়েবসাইট হতে ডাউনলোড ও প্রিন্টকৃত প্রবেশপত্র ব্যতিরেকে কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষা কেন্দ্রে কোন বই, উত্তরপত্র, নোট বা অন্য কোন কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ভ্যানিটি ব্যাগ, পার্স, হাতঘড়ি বা ঘড়িজাতীয় বস্তু, ইলেকট্রনিক্স হাতঘড়ি বা যে কোন ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস বা এজাতীয় বস্তু সঙ্গে নিয়ে প্রবেশ করা বা সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ। যদি কোন পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তবে তাকে তাৎক্ষণিক বহিষ্কারসহ সংশ্লিষ্টের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। বিভিন্ন সূত্র হতে জানা যায় যে, একশ্রেণীর প্রতারকচক্র/প্রতিষ্ঠান প্রতারণামূলক তথ্য দিয়ে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে অর্ধের বিনিময়ে চাকুরী দেয়ার প্রলোভন দেখিয়ে উক্ত পদে আবেদনকারীগণের নিকট হতে আর্থিক সুবিধা গ্রহণের চেষ্টা করছে। এ সকল প্রতারকের প্রতারণা হতে দূরে থাকতে সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ ডিজিটাল পদ্ধতিতে একাধিক সেট প্রশ্নপত্রের মাধ্যমে স্বচ্ছ প্রক্রিয়ায় সম্পন্ন হয়ে থাকে। নিয়োগ সংক্রান্ত সরকারি বিধি ও নীতিমালা অনুসরণপূর্বক লিখিত ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বর যোগ করে উপজেলাওয়ারী শূন্য পদের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী নিয়োগ প্রদান করা হয়। এক্ষেত্রে অর্ধের বিনিময়ে চাকুরী পাওয়ার সামান্যতম কোন সুযোগ নেই। এ জাতীয় প্রতারকদের আইন শৃংখলা বাহিনীর হাতে সোপর্দ এবং এ সংক্রান্ত তথ্যাদি আইন শৃংখলা বাহিনীসহ সংশ্লিষ্টদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

(ড. এ এফ এম মনজুর কাদির)  
মহাপরিচালক  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর